

## AKASHVANI (AIR)

RNU : KOLKATA

### Bengali Text Bulletin

Date: 13.12.2024

Time: 7.50 P.M.

#### বিশেষ বিশেষ খবর –

- ১) আর জি কর কাণ্ডে হাসপাতালের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডল জামিন পেয়েছেন। ৯০ দিনের মধ্যে সিবিআই চার্জশিট জমা দিতে না পারায় তাদের এই জামিন মঞ্জুর। এই দুজন জামিন পাওয়ায় নির্যাতিতার মা-বাবা চূড়ান্ত হতাশ বলে জানিয়েছেন।
- ২) নিয়োগ দুর্নীতি নিয়ে ইডির মামলায় প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় পয়লা ফেব্রুয়ারির মধ্যে জামিন পাবেন বলে জানিয়েছে শীর্ষ আদালত।
- ৩) তৃণমূল কংগ্রেস প্রার্থী ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়ে রাজ্যসভায় যাচ্ছেন।
- ৪) সরকারি পরিকাঠামোর হাল হকিকতের ওপর সার্বিক নজরদারির লক্ষ্যে রাজ্য অর্থ দপ্তর নতুন একটি মোবাইল অ্যাপ আনতে চলেছে।
- ৫) রাজ্যের পঞ্চায়েত এলাকাতেও আগামী ২৩ শে ডিসেম্বর থেকে অনলাইনে সম্পত্তির কর নির্ধারণ ও পরিশোধের প্রক্রিয়া শুরু হয়ে যাবে।

---

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় জামিন পেলেন হাসপাতালের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। টালা থানার

প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলও জামিন পেয়েছেন। আজ শিয়ালদহের সিবিআই আদালত এই নির্দেশ দিয়েছে। ৯০ দিন পরেও সিবিআই চার্জশিট জমা দিতে না পারায় জামিন পেয়েছেন এই দু'জন। ২০০০ টাকার ব্যক্তিগত বন্ডে তাদের জামিন মঞ্জুর করেছে শিয়ালদহ আদালত। উল্লেখ্য, আর জি কর হাসপাতালের আর্থিক দুর্নীতিকাণ্ডের তদন্তে নেমে সন্দীপকে গ্রেফতার করেছিল সিবিআই। পরে গত ১৫ সেপ্টেম্বর তাঁকে চিকিৎসকের ধর্ষণ ও খুনের মামলায় প্রমাণ লোপাটের অভিযোগে গ্রেফতার দেখায় সিবিআই। অভিজিৎ জামিনে ছাড়া পাবেন তবে সন্দীপকে এখনোও জেলেই থাকতে হবে।

---

এদিকে, এই মামলায় ধৃত সন্দীপ ঘোষ ও অভিজিত মন্ডল জামিন পেয়ে যাওয়ায় তারা চূড়ান্তভাবে হতাশ বলে নির্যাতিতার মা জানিয়েছেন। সিবিআই ঠিক মত কাজ করতে পারে নি, তাই অভিযুক্তদের জামিন হল বলে আজ সাংবাদিকদের কাছে অভিযোগ করেন তাঁরা। নির্যাতিতার মা বলেন,

বাইট

---

আর জি কর কান্ডের দুই অভিযুক্তের জামিনের বিষয়ে পুর ও নগোরন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম কোনো মন্তব্য করতে না চাইলেও রাজ্য সরকারের সিট তদন্তভার হাতে নিলে এত দিনে দোষীর ফাঁসি হয়ে যেত বলে অভিমত প্রকাশ করেছেন।

বাইট

---

সন্দীপ ঘোষ ও অভিজিত মন্ডলের বিরুদ্ধে আপাত দৃষ্টিতে অনেক অভিযোগ থাকা সত্ত্বেও সিবিআই কেন তথ্য প্রমাণ জোগাড় করতে ব্যর্থ হল, প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ তা নিয়ে প্রশ্ন তুলেছেন। এদের জামিনের বিষয় শ্রী আইচ বলেন, ৯০ দিনের মধ্যেও সিবিআই চার্জশিট দিতে পারেনি। এই নিয়ে অনেক প্রশ্ন থেকে যায়।

---

নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি-র মামলায় আজ সুপ্রিম কোর্টে জামিন পেয়েছেন রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। গত চৌঠা ডিসেম্বর শীর্ষ আদালতে পার্থ-র জামিন মামলার শুনানি শেষ হয়। ঐদিন রায়দান স্থগিত রেখেছিলেন বিচারপতিরা। আজ আদালত জানিয়েছে, পয়লা ফেব্রুয়ারির মধ্যে পার্থ জামিন পাবেন। এমাসের মধ্যেই চার্জ গঠন করতে হবে ইডিকে। জানুয়ারির তৃতীয় সপ্তাহ শেষ হওয়ার আগেই গুরুত্বপূর্ণ সাক্ষীদের বয়ান নেওয়ার চেষ্টা করবে নিম্ন আদালত। পার্থ বাবুকে নিম্ন আদালতে সম্পূর্ণ সহযোগিতা করতে হবে। যদি সমস্ত প্রক্রিয়া পয়লা ফেব্রুয়ারির আগে শেষ হয়ে যায়, তাহলে তার আগেই জামিন পেতে পারেন তিনি। তবে সরকারি কোনো পদে থাকতে পারবেন না। বিচার চলাকালীন একমাত্র বিধায়ক পদটিই বহাল থাকবে। যদিও এই ঘটনায় সিবিআইয়ের দায়ের করা মামলায় জামিন না পাওয়ায় এখনই জেলমুক্তি হচ্ছে না তার।

---

বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়ে রাজ্যসভায় যাচ্ছেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। জহর সরকারের ছেড়ে যাওয়া আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেয়েছেন তিনি। রাজ্যসভা নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ছিল আজ। কিন্তু একটি মাত্র মনোনয়ন জমা পড়ায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় তৃণমূল কংগ্রেস প্রার্থীকে জয়ী বলে ঘোষণা করা হয়।

আর জি করকাণ্ডের প্রেক্ষিতে রাজ্যসভায় তৃণমূলের সাংসদ পদ ছাড়েন জহর সরকার। এরপর ৭ ডিসেম্বর জহর সরকারের ছেড়ে যাওয়া আসনে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নাম ঘোষণা করে তৃণমূল। ১৩ ডিসেম্বর শুক্রবার বিনা প্রতিদ্বন্দ্বিতায় ঋতব্রতকেই জয়ী ঘোষণা করা হয়। ২০১৪-য় ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে রাজ্যসভায় পাঠিয়েছিল সিপিএম। কিন্তু দলে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ২০১৭-য় তাঁকে সিপিএম থেকে বহিষ্কার করা হয়। দল বিতাড়িত করলেও ২০২০ পর্যন্ত সাংসদ ছিলেন ঋতব্রত। এরপর তৃণমূলে যোগ দিয়েছিলেন।

এরপর তাঁকে তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি-র রাজ্য সভাপতির দায়িত্ব দেওয়া হয়।

-----

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার এক দেশ এক ভোটের বিষয়টিকে জোরালো ভাবে সমর্থন করে বলেছেন, এ রাজ্যের মুখ্যমন্ত্রী এই রাজ্যে বিরোধিতা করলেও দেশের বেশিরভাগ মুখ্যমন্ত্রী যা বলবেন, তাই হবে। এতে ব্যয় সাশ্রয়ের পাশাপাশি উন্নয়নের কাজে সুবিধা হবে।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, আজকের ভারতে এক দেশ এক ভোট কার্যত অসম্ভব।

আগেই জানানো হয়েছে যে কেন্দ্রীয় মন্ত্রিসভা এক দেশ এক নিঃবাচন সংক্রান্ত বিল অনুমোদন করেছে বলে হিন্দুস্তান সমাচার সূত্রে খবর।

-----

ভারত বাংলাদেশ সম্পর্কের ওপর ঘনিজে আসা রাজনৈতিক কুয়াশা দূর করার ওপর বাংলাদেশের পরিবেশ বিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান গুরুত্ব

দিয়েছেন। আজ ঢাকায় তিনি সাংবাদিকদের বলেন, উভয় দেশের স্বার্থেই এই সম্পর্ক স্বচ্ছ করতে হবে। বাংলাদেশের সাম্প্রতিক গণজগরণের ঐতিহাসিক গুরুত্ব স্বীকার করে নেওয়ার পাশাপাশি দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি এবং ভারসাম্যের গুরুত্বের ওপরও তিনি জোর দেন।

---

কেন্দ্রীয় ন্যায় বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক, ২০১৫ সালে শুরু করেছে ‘সুগম্য ভারত’ অভিযান। আজ এই নিয়ে শুনবেন বিশেষ আলোচনা ‘সুগম্য ভারত এবং তার গুরুত্ব’। দক্ষিণ পূর্ব রেলের জন সংযোগ আধিকারিক সোপান দত্তের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮ টায় গীতাঞ্জলি, ১০৭ এফএম ও ডি টি এইচ বাংলায়।

---

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা, এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

---

সরকারি পরিকাঠামোর হাল হকিকতের উপর সার্বিক নজরদারির লক্ষ্যে অর্থ দফতর নতুন একটি মোবাইল অ্যাপ আনতে চলেছে। এই অ্যাপের সাহায্যে রাজ্যের সমস্ত প্রান্তে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতির উপর সরাসরি নজরদারির পাশাপাশি রক্ষণাবেক্ষণের কাজও পরিচালনা করা যাবে।

অর্থ দফতর থেকে জারি করা এক নির্দেশিকায় এই অ্যাপের মাধ্যমে কীভাবে এই রক্ষণাবেক্ষণ বা নজরদারি চালানো হবে তা বিস্তারিত ভাবে জানানো হয়েছে। সেখানে বলা হয়েছে, প্রত্যেক জেলার জেলাশাসক এবং ব্লকের বিডিওদের সপ্তাহে অন্তত একদিন বা একবার তাঁদের আওতায় থাকা সরকারি পরিকাঠামোগুলি পরিদর্শন করতে হবে। এক্ষেত্রে পরিদর্শনের সময় নেওয়া তথ্য ও ছবি এই অ্যাপে আপলোড করতে হবে। এক্ষেত্রে যদি কোথাও সংস্কারের প্রয়োজন থাকে, তাঁরা চাইলে সে বিষয়ে প্রয়োজনীয় নোট এখানে দিতে পারবেন।

কোনো সরকারি প্রতিনিধি কখন গেলেন, কোথায় গেলেন, সমস্ত কিছুই এই অ্যাপে আপলোড করতে হবে। একইসঙ্গে, ওই পরিকাঠামো জিও ট্যাগিং করা হবে। এই অ্যাপের মাধ্যমে নজরদারির কাজ পরিচালনা সঠিকভাবে হচ্ছে কি না, তার জন্য ব্লক, মহকুমা, জেলা ও রাজ্যস্তরে প্রতিটি দফতরের একজন করে নোডাল অফিসার নিয়োগ করা হবে। এই ব্যবস্থার মাধ্যমে পরিকাঠামো নজরদারিতে সরকারি আধিকারিকদের আরও দায়িত্বশীলভাবে পরিচালনা করা হবে বলেই মনে করা হচ্ছে।

-----

রাজ্যের পুর এলাকার পর এবার পঞ্চায়েত এলাকাতেও অনলাইনে সম্পত্তির কর নির্ধারণ ও পরিশোধ করা যাবে। আগামী ২৩শে ডিসেম্বর থেকে গোটা রাজ্যজুড়ে এই প্রক্রিয়া শুরু হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। পঞ্চায়েতগুলির কর নির্ধারণ প্রক্রিয়ার মধ্যে থেকে ত্রুটি বিচ্যুতি দূর করতে এই ব্যবস্থা চালু হচ্ছে। ইতিমধ্যে অনলাইনে কর চালুর বিষয়টি জানিয়ে প্রত্যেক পঞ্চায়েতকে প্রয়োজনীয় প্রস্তুতি সেরে রাখতে পঞ্চায়েত দফতর নির্দেশ দিয়েছে। এবিষয়ে মানুষের সচেতনতা আনতে গ্রামে গ্রামে প্রচার করার নির্দেশও দেওয়া হয়েছে।

এ ধরনের প্রক্রিয়া শুরু করার আগে প্রত্যেকটি পঞ্চায়েতকে তাদের এলাকার বাসিন্দাদের সম্পত্তি কর কত হতে পারে, সেই বিষয়ে কিছু তথ্য পোর্টালে আপলোড করতে বলা হয়েছে। এর জন্য প্রত্যেকটি পরিবারকে একটি করে ফর্ম পূরণ করে পঞ্চায়েত অফিসে জমা দিতে হবে। বাড়ির বিস্তারিত তথ্য সম্পত্তির বর্তমান বাজারদর সহ প্রতি পরিবারকে দেওয়া তথ্যের ভিত্তিতে পরিবার পিছু কর নির্ধারণ করা হয়েছে। এযাবৎ দেড় কোটির বেশি বাড়ির তথ্য আপলোড হয়েছে এই পোর্টালে।

---

দেশজুড়ে ঘটে যাওয়া বিভিন্ন অনলাইন প্রতারণার ঘটনার সূত্র ধরে রাজ্য সাইবার ক্রাইমের তদন্তকারী আধিকারিকরা এক প্রচারণাচক্রের মূল চক্রি ২ যুবককে বাগদা থানার সিন্দানি এলাকা থেকে গতকাল গ্রেফতার করেছে। ধৃত সুমন বিশ্বাস ও সুমন সাধুখাঁকে আজ বনগাঁ মহকুমা আদালতে তুলে নিজেদের হেফাজতে চায় রাজ্য সাইবার ক্রাইম শাখা। পুলিশ সূত্রে জানা গেছে অনলাইন প্রতারণার বিভিন্ন ঘটনার সূত্র ধরে উত্তর ২৪ পরগনা জেলার বাগদা থানার সিন্দানি এলাকা থেকে গত নভেম্বর মাসের ১৪ তারিখ বনগাঁ জেলা পুলিশ ৬ যুবককে গ্রেফতার করে। ধৃতদের বিরুদ্ধে বিভিন্ন সময় প্রতারণার দুশো পাঁচটি অভিযোগ রয়েছে। প্রতারণার টাকা নিজেদের ভুয়ো কোম্পানি বানিয়ে সেই ব্যাংক একাউন্টে জমা রাখা হত এবং তার বিনিময়ে তারা মোটা টাকার কমিশন পেতো বলে অভিযোগ। এদের হেফাজতে নিয়ে তদন্ত শুরু করে রাজ্য সাইবার ক্রাইম শাখা মূল চক্রী দুই যুবকের সন্ধান পায়।

---

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন সিবিসি বর্ধমান ফিল্ড অফিস সাইবার নিরাপত্তা, মিশন লাইফ, এক পের মা কে নাম সহ

একাধিক প্রকল্প নিয়ে পূর্ব বর্ধমানের ভালকির বনমালিপুর্বে দুই দিন ব্যাপী এক সুসংহত গণজ্ঞাপন ও প্রচার কর্মসূচির আয়োজন করে। বসে আকো প্রতিযোগিতা, র্যালী, সেমিনার, পুতুল নাচ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় যেগুলির মাধ্যমে সরকারি বিভিন্ন প্রকল্পের বিষয়ে সাধারণ মানুষকে অবগত করা হয়।

-----

বিনা বাধায় উত্তরে হাওয়া প্রবেশ করায়, রাজ্যে তাপমাত্রার পারদ নিম্নমুখী।

পশ্চিমের জেলাগুলিতে শৈত্যপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান ও বীরভূমে আজ ও আগামীকাল দুদিন শৈত্য প্রবাহের ‘হলুদ সতর্কতা’ জারি করা হয়েছে। রাজ্যের বাকি অংশেও তাপমাত্রার পারদ বেশ কিছুটা নামতে পারে।

-----